



আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)
প্রতিরক্ষা মন্ত্রণালয়
ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।
ফোন: ৯৮৩৫৬৬১, ৮৭১১০৫৫ ফ্যাক্স: ৯৮৩৩৫৬২
www.ispr.gov.bd
সংবাদ বিজ্ঞপ্তি



নং ২৩.১৬.০০০০.০০৯.২৩.০০৩.২৩

তারিখ: ২৬-০৪-২০২৩

তুরস্কে উদ্ধারকার্য পরিচালনাকারী বাংলাদেশি দলকে তুরস্ক সরকারের পক্ষ হতে
বিশেষ সম্মাননা স্মারক প্রদান

ঢাকা, ২৬ এপ্রিল ২০২৩ঃ তুরস্কে ভূমিকম্প পরবর্তী উদ্ধারকার্য পরিচালনাকারী বাংলাদেশ দলকে মানবিক সহায়তার অনন্য দৃষ্টান্ত স্থাপনের স্বীকৃতিস্বরূপ তুরস্ক সরকারের পক্ষ হতে গত (২৫ এপ্রিল ২০২৩) বিশেষ সম্মাননা প্রদান করেন তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইপে এরদোয়ান। বাংলাদেশের পক্ষে এই সম্মাননা স্মারক গ্রহণ করেন তুরস্কে নিযুক্ত বাংলাদেশ সেনাবাহিনীর ডিফেন্স অ্যাটাশে ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ রাশেদ ইকবাল, এনডিসি, পিএসসি, জি এবং উদ্ধারকারী দলের দলনেতা লেঃ কর্নেল মোঃ রুহুল আমিন।

উল্লেখ্য, গত ০৬ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ তুরস্কে ভয়াবহ ভূমিকম্প পরবর্তী উদ্ধারকার্যে সহায়তার জন্য তুরস্ক কর্তৃক বাংলাদেশ সরকারের নিকট অনুরোধের প্রেক্ষিতে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় এবং সেনাবাহিনী প্রধানের প্রত্যক্ষ তত্ত্বাবধানে গত ০৮ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে বাংলাদেশ সেনাবাহিনীর নেতৃত্বে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এবং বিমান বাহিনীর সদস্যদের সমন্বয়ে ৬০ সদস্যের একটি বিশেষ উদ্ধারকারী দল তুরস্কে উদ্ধারকার্য শুরু করে। উদ্ধারকার্যের অংশ হিসেবে তুরস্কের সবচেয়ে ক্ষতিগ্রস্ত এলাকা গাজীস্তেপ প্রদেশের আদিয়ামান এবং হাতাই এ উদ্ধারকার্য ও চিকিৎসা সহায়তা প্রদান করে। উদ্ধারকার্য পরিচালনার পাশাপাশি দলটি ভূমিকম্পে ক্ষতিগ্রস্ত মানুষের মাঝে ১২০ কার্টন খাবার এবং ৭২টি তাবু বিতরণ করে। এছাড়া মেডিকেল টিমটি ১০৪ জনকে চিকিৎসা সেবা প্রদান এবং তাদের মাঝে ৩২ কার্টন ঔষধ বিতরণসহ ভূমিকম্পের ফলে আঘাতপ্রাপ্ত ও মানসিক ট্রমাগ্রস্ত রোগীদের চিকিৎসা সেবা প্রদান করে।

বাংলাদেশের এই বন্ধুত্বপূর্ণ আচরণের মাধ্যমে বাংলাদেশ এবং তুরস্কের মাঝে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরও সুসংহতকরণে গুরুত্বপূর্ণ অবদান রাখবে বলে আশা করা যায়।

স্বাক্ষরিত/-

রাশেদুল আলম খান

সহকারী পরিচালক

পক্ষে পরিচালক

মোবাঃ ০১৭৬৯০১৭১৯৮